ডকুমেন্টেশন কেন্দ্র
শিক্ষা তথ্য ও পরিসংখ্যান

তারিখ 14 NOV 1988
পৃষ্ঠা 7 কলাম 3

023



## এহসানুল করীম ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ৭ম

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা কলেজের ছাত্র মোহাম্মদ এহসানুল করিম (রোল ঢাকা-৭৪২৬) ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ৭ম স্থান অধিকার করিয়াছে। ৪টি বিষয়ে লেটারসহ তাহার মোট প্রাপ্ত নম্বর ৯০৬। ঢাকার সিদ্ধেশ্বরী মহাবিদ্যালয়ের অধ্যাপক আনোয়ারুল করিম ও বেগম ফরিদা আনোয়ারের জ্যেষ্ঠ পুত্র এহসানুল করিম ভবিষ্যতে কম্পিউটার প্রকৌশলী হইতে আগ্রহী।



## মাশরুর যশোর বোর্ডে কলা বিভাগে দ্বিতীয়

আমাদের বরিশাল প্রতিনিধি জানান: মাশরুর আরেফিন যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষায় কলা বিভাগে দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। বরিশাল ক্যাডেট কলেজের এই ছাত্র ভূগোল, পরিসংখ্যান ও পৌরনীতিতে লেটারমার্কসহ সর্বমোট ৮০৫ নম্বর পাইয়াছে। সে এসএসসি পরীক্ষায় একই ক্যাডেট কলেজ হইতে ষ্টার মার্কসহ প্রথম বিভাগে উত্তীর্ণ হয়। সে আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে পড়াশুনায় আগ্রহী। তাহার পিতা এম,এ, কাসেম খাদ্য বিভাগীয় একজন কর্মকর্তা।



## শারমিন গার্হস্থ্য অর্থনীতিতে দ্বিতীয়

সাজেদা আক্তার খানম (শারমিন) রোল নং ম-১০২১৫৪ গার্হস্থ্য অর্থনীতিতে ৭০২ নম্বর পাইয়া দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। সে খাদ্য ও পুষ্টি বিজ্ঞানে উচ্চতর শিক্ষা গ্রহণ করিতে ইচ্ছুক। চিত্র অঙ্কনে ও নভেল পাঠ করা তাহার সখ। শারমিন হিসাব নিরীক্ষা পরিচালকের অফিস (পূর্ত)-এর নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার মোহাম্মদ আলীর ৩য়া কন্যা।






## দুইবোনের কৃতিত্ব

ঢাকা মেডিকেল কলেজের কমিউনিটি মেডিসিনের অধ্যাপক ডাঃ মোঃ খবির উদ্দিন ও নূরজাহান বেগমের প্রথমা ও দ্বিতীয়া কন্যা খুরশিদা জাহান ও নিলুফার জাহান চলতি বৎসর এইচ, এস, সি পরীক্ষায় গার্হস্থ অর্থনীতি বিভাগ হইতে যথাক্রমে তৃতীয় ও চতুর্থ স্থান অধিকার করিয়াছে।



## হাসান শহীদ নৌ-বাহিনীতে যোগদানে ইচ্ছুক

আমাদের বরিশাল প্রতিনিধি জানান: যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় বরিশাল ক্যাডেট কলেজের হাসান শহীদ তৃতীয় স্থান অধিকার করিয়াছে। সে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও প্রকৌশলী অংকন বিষয়ে লেটার মার্কসহ সর্বমোট ৯০২ নম্বর পাইয়াছে। হাসান শহীদ এসএসসি পরীক্ষায় একই ক্যাডেট কলেজ হইতে সম্মিলিত মেধা তালিকায় তৃতীয় হইয়াছিল। প্রাইমারী বিদ্যালয়ের শিক্ষক মোহম্মদ ইসমাইল সিকদারের পুত্র হাসান বাংলাদেশ নৌ-বাহিনীতে যোগদানের ইচ্ছা পোষণ করে।



## সারোয়ার কম্পিউটার প্রকৌশলী হইতে চায়

নারায়ণগঞ্জ সংবাদদাতা জানান, সিলেট ক্যাডেট কলেজের ছাত্র আবুল কালাম সারোয়ার কুমিল্লা বোর্ডে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৬ষ্ঠ স্থান লাভ করিয়াছে। চারটি বিষয়ে লেটারসহ সারোয়ারের প্রাপ্ত নম্বর ৮৮০। ১৯৮৬ সালে সারোয়ার এস এস সি পরীক্ষায় কুমিল্লা বোর্ড হইতে যুগ্মভাবে প্রথম হইয়াছিল। অসুস্থতার কারণে এইবার পরীক্ষা খারাপ হয়। নারায়ণগঞ্জের ৩৪ উত্তর চাষাড়াস্থ আবদুল কাদেরের পুত্র আবুল কালাম সারোয়ার ভবিষ্যতে একজন কম্পিউটার প্রকৌশলী হইতে আগ্রহী। সে নিয়মিত ৬ ঘন্টা পড়াশুনা করিত।